

সিডনীতে জাতীয় শোক দিবস ২০০৮ পালিত

গত ১৩ সেপ্টেম্বর জাতীয় শোক দিবস ২০০৮ উপলক্ষে সিডনীতে একটি শোক সভার আয়োজন করে জাতীয় শোক দিবস পালন কমিটি এবং শেখ হাসিনা মুক্তি পরিষদ অস্ট্রেলিয়া। বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য জনাব আবুল মাল আব্দুল মুহিত এই সভায় প্রধান অতিথী হিসেবে উপস্থিত থাকার কথা ছিল কিন্তু অনিবার্য কারণ বশতঃ তিনি আসতে পারেননি।

আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার সহযোগীতায় আয়োজিত এই শোক সভায় বক্তব্য রাখেন আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার আহবায়ক ড. শামস্ রহমান, শেখ হাসিনা মুক্তি পরিষদের আহবায়ক



বীর মুক্তিযোদ্ধা মিজানুর রহমান তরুন, প্রখ্যাত কলামিস্ট অজয় দাশগুপ্ত, ছাত্রলীগ নেতা আমিনুল ইসলাম রুবেল, তরুন আওয়ামী লীগ নেতা আল নোমান শামীম, মুক্তিযোদ্ধা সংসদের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হারুন রশীদ আজাদ, বঙ্গবন্ধু সোসাইটি অস্ট্রেলিয়ার ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব আব্দুল গনি, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র, বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার প্রথম সভাপতি জনাব নজরুল ইসলাম, আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার নেতা মোস্তাক মেরাজ ও জনাব ইকবাল ফারুক। সভায় একুশে একাদেমীর সভাপতি জনাব নেহাল নেয়ামুল বারী সহ সিডনীর বহু গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভাটি পরিচালনা করেন আওয়ামী লীগ অস্ট্রেলিয়া ও শেখ হাসিনা মুক্তি পরিষদের সদস্য সচিব জনাব আনিসুর রহমান রিতু।

বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখার সাধারণ সম্পাদক জনাব অপু সারোয়ারের নেতৃত্বে ছাত্রলীগের বিপুল সংখ্যক নেতা কর্মী সভায় উপস্থিত ছিলেন। আওয়ামী লীগের তরুন নেতৃবৃন্দ - জনাব মেহেদি হাসান, মাহবুবুল আলম মিলন, জাহাঙ্গীর, সজল, আরিফুর রহমান, তানভীরের সরব উপস্থিতি অনুষ্ঠানের সবাইকে উজ্জীবিত করে। সভার কার্যক্রমের পরে উপস্থিত সবাই ইফতার মাহফিলে যোগদান করেন।